

# প্রিমিয়ার সিমেন্ট মিল্‌স পিএলসি

টি কে ভবন (১২ ফ্লোর) ১৩, কারওয়ান বাজার, ঢাকা ১২১৫

শেয়ারহোল্ডার/বিনিয়োগকারীদের জন্য নোটিশ

অবন্টিত/অদাবীকৃত নগদ লভ্যাংশের অর্থ বিএসইসি এর ক্যাপিটাল মার্কেট স্টাবিলাইজেশন ফান্ড বা পুঁজিবাজার স্থিতিশীলকরণ তহবিলে স্থানান্তর প্রসঙ্গে

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড একচেঞ্জ কমিশন (বিএসইসি) এর ১৪ইং জানুয়ারী ২০২১ইং তারিখের নির্দেশনা নং বিএসইসি/সিএমআরআরসিডি/২০২১-৩৮৬/০৩ এবং বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড একচেঞ্জ কমিশন (ক্যাপিটাল মার্কেট স্টাবিলাইজেশন ফান্ড) বিধি ২০২১ইং অনুসারে নগদ লভ্যাংশের অর্থ যদি লভ্যাংশ ঘোষণা অথবা অনুমোদন অথবা রেকর্ড ডেট এর তারিখ থেকে ৩ (তিন) বছরের অধিক সময় অবন্টিত/অদাবীকৃত থাকে, তাহলে সেই অর্থ বিএসইসির ক্যাপিটাল মার্কেট স্টাবিলাইজেশন ফান্ড বা পুঁজিবাজার স্থিতিশীলকরণ তহবিলে স্থানান্তর করতে হবে।

সম্মানিত শেয়ারহোল্ডার/বিনিয়োগকারীগণকে ৩০শে জানুয়ারী ২০২৪ইং তারিখের মধ্যে অর্থবছর ২০১৯-২০২০ইং এর প্রাপ্য অবন্টিত/অদাবীকৃত নগদ লভ্যাংশের অর্থ গ্রহণ করার জন্য উপযুক্ত প্রমাণসহ প্রিমিয়ার সিমেন্ট মিল্‌স পিএলসি এর করপোরেট অফিসের শেয়ার ডিপার্টমেন্ট অথবা ই-মেইল: [corporate.affairs@premiercement.com](mailto:corporate.affairs@premiercement.com) আবেদন করার জন্য অনুরোধ করা গেল। সংশ্লিষ্ট শেয়ারহোল্ডার/বিনিয়োগকারীগণের প্রয়োজনীয় তথ্য বিএসইসি'র বিধি অনুসারে ইতিমধ্যে কোম্পানীর ওয়েবসাইট: [www.premiercement.com](http://www.premiercement.com) এর ইনভেস্টর রিলেশনশীপ বিভাগে প্রদান করা হয়েছে।

সম্মানিত শেয়ারহোল্ডার/বিনিয়োগকারীগণকে জানানো যাচ্ছে যে, যদি কোম্পানী ৩০শে জানুয়ারী ২০২৪ইং এর মধ্যে কোন বৈধ দাবি না পায়, তাহলে বিএসইসির নির্দেশনা ও বিধি অনুসারে, শেয়ারহোল্ডার/ বিনিয়োগকারীদের অবন্টিত/অদাবীকৃত নগদ লভ্যাংশের অর্থ বিএসইসির ক্যাপিটাল মার্কেট স্টাবিলাইজেশন ফান্ড বা পুঁজিবাজার স্থিতিশীলকরণ তহবিলে ৩১শে জানুয়ারী ২০২৪ইং তারিখের মধ্যে স্থানান্তর করার জন্য কোম্পানী প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে।

সংশ্লিষ্ট যেকোনো প্রয়োজনে শেয়ারহোল্ডার/বিনিয়োগকারীগণ নিম্নলিখিত নাম্বারে যোগাযোগ করতে পারবেন:

ফ্যাক্স : +৮৮-০২-৫৫১২০৮৮

মোবাইল : +৮৮-০১৭৫৫-৬৩৯০৯০

প্রিমিয়ার সিমেন্ট মিল্‌স পিএলসি

এসডি/-

তারিখ: ১লা জানুয়ারী ২০২৪ ইং

স্থান : ঢাকা

কাজী মোহাম্মদ সফিকুর রহমান  
কোম্পানী সচিব